

তারিখ ... ২৯. ১২. ৮৬
পৃষ্ঠা ... ১০০ কলাম ...

শিক্ষকদের দাবী বিবেচনার্থে গঠিত কর্মটির বৈঠক

শিক্ষকদের দাবী বিবেচনার জন্মে
শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গঠিত
১৬সদস্য বিশিষ্ট কর্মাচার প্রথম
বৈঠক গত বৃহস্পতিবার সাচিবা-
লয়ে অনুষ্ঠিত হয়।

শিক্ষা সচিব কাজী জালাল
উদ্দিন অহমদের সভাপাইতাতে
বৈঠক অত্যন্ত হৃদ্যতাপূর্ণ পরি-
বেশে অনুষ্ঠিত হয় এবং শিক্ষক
সমিতির কর্মকর্তা দের সাথে
শিক্ষকদের দাবী-দাওয়া নিয়ে
শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের
মত বিনিময় হয়।

বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয় যে,
দেশের সরকারী ও বেসরকারী
স্কুল-কলেজ এবং মাদ্রাসা শিক্ষক
দের শিক্ষক সমিতিসমূহ তাদের
দাবীনামার বিস্তারিত বিবরণ
স্বীকৃত আকারে শিক্ষা মন্ত্রণালয়ে
পেশ করবেন এবং এসব স্বীকৃত
ভিত্তিতে কর্মাচার পরিবর্তী আলো
চনা অনুষ্ঠিত হবে।

কর্মাচার পরিবর্তী বৈঠক
আগামী ৩১শে ডিসেম্বর সকাল
১০টায় শিক্ষা মন্ত্রণালয়ে অনু-
ষ্ঠিত হবে। বৈঠকে মন্ত্রণালয়ের
অধিবক্তৃ সচিব জনাব এস. এস
এম. লুৎফুল হক বাংলাদেশ
শিক্ষক সমিতি ফেডারেশনের
সাধারণ সম্পাদক মওলানা আব-
দুল মালান, যুক্ত সাধারণ সম্পা-
দক এ কে এম. শহীদুল্লাহ, জনাব
এ কে এম. আলী রেজাসহ কর্ম-
টির অন্যান্য সদস্য উপস্থিত
ছিলেন।

উল্লেখ্য, গত ২৯শে নভেম্বর
শিক্ষক মহসম্মেলনে, মহামান
রাষ্ট্রপতির ঘোষণা অনুযায়ী
দেশের কলেজ, হাইকুল ও
মাদ্রাসা শিক্ষকদের দাবীসমূহ বিবে-
চনার জন্য শিক্ষা মন্ত্রণালয় গত
১ই ডিসেম্বর শিক্ষা মন্ত্রীকে সভা-
পাতা এবং যুক্ত-সচিবকে সদস্য
সচিব মনেন্দৰ করে ১৬-সদস্য
বিশিষ্ট একটি কর্মাচার গঠন
করেন। খবর তথ্য বিবরণীর।